# অভিবাসী রোগীদের স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার সম্পর্কে পরিষেবা প্রদানকারীদের জন্য নির্দেশিকা

## আগস্ট 2025

নিউ ইয়র্কের একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী বা রোগী হিসেবে, ফেডারেল অভিবাসন নীতি কীভাবে পরিষেবা প্রদানকারীদের স্বাস্থ্যসেবা প্রদান এবং রোগীদের স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকারকে প্রভাবিত করে তা নিয়ে আপনার উদ্বেগ থাকতে পারে৷ উদাহরণস্বরূপ, সাম্প্রতিক এক্সিকিউটিভ অর্ডারগুলি অভিবাসী রোগীদের পরিষেবা প্রদানকারীদের অর্থসংস্থান সংক্রান্ত হুমকির কারণ হয় (উদাহরণস্বরূপ, এক্সিকিউটিভ অর্ডার 14218, 19 ফেব্রুয়ারি, 2025: https://www.whitehouse.gov/presidential-actions/2025/02/ending-taxpayer-subsidization-of-open-borders)।

নিউ ইয়র্ক আইন:

- কোনো রোগীর অভিবাসন অবস্থা নির্বিশেষে স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকারকে সুরক্ষিত করে
- রোগীর গোপনীয়তা রক্ষা করার জন্য পরিষেবা প্রদানকারীদের নির্দিষ্ট কিছু পদক্ষেপ নিতে বাধ্য করে

আপনি একজন পরিষেবা প্রদানকারী বা রোগী যাই হোন না কেন, আপনার অধিকার এবং বাধ্যবাধকতা ব্যাখ্যা করার জন্য আমরা এই নির্দেশিকা তৈরি করেছি৷

## একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী হিসেবে, আমাকে কি অবশ্যই রোগীর অভিবাসন বা নাগরিকত্বের অবস্থা যাচাই করতে হবে?

না৷

নিউ ইয়র্কে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের আইনত রোগীর অভিবাসন বা নাগরিকত্বের অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহ বা রিপোর্ট করার প্রয়োজন নেই৷

পরিষেবা প্রদানকারীরা, অভিবাসন বা নাগরিকত্বের অবস্থার ভিত্তিতে পরিষেবা প্রদান করতে অস্বীকার করতে পারবেন না৷

সরকারি অর্থায়নে পরিচালিত স্বাস্থ্য বীমা সহ কিছু সুবিধা পাবার জন্য আবেদন করার জন্য একজন রোগীকে তাদের অভিবাসন অবস্থা প্রকাশ করার প্রয়োজন থাকতে পারে৷ কিন্তু এই কর্মসূচীগুলির প্রতি আবেদন করা **স্বেচ্ছামূলক**৷

আপনি যদি একজন পরিষেবা প্রদানকারী হন, তাহলে একজন রোগীর চিকিৎসা করার জন্য কেবলমাত্র অভিবাসন বা নাগরিকত্বের তথ্য সংগ্রহ করা এবং রক্ষণাবেক্ষণ করা আপনার জন্য প্রয়োজনীয়৷ কোনো রোগীর তথ্য সংগ্রহ এবং প্রকাশ করা সম্পর্কে আপনার প্রতিষ্ঠানের নীতি এবং পদ্ধতিগুলি নিয়ে পরামর্শ নিন৷

## স্বাস্থ্যসেবা প্রদানকারীরা কি আইন বলবৎকরণ সংস্থাকে রোগীর তথ্য প্রদান করতে বাধ্য?

স্বাস্থ্যসেবা প্রদানকারী হিসাবে আপনার কাছে থাকা যেকোনো সুরক্ষিত স্বাস্থ্য তথ্য (PHI) ফেডারেল এবং স্টেটের গোপনীয়তা আইনগুলি দ্বারা সুরক্ষিত, যার মধ্যে হেলথ ইন্সুরেন্স পোর্টেবিলিটি এন্ড অ্যাকাউন্টেবিলিটি অ্যাক্ট (HIPAA)-ও অন্তর্ভুক্ত। একজন পরিষেবা প্রদানকারী হিসাবে, আপনাকে:

- অবশ্যই রোগীর অভিবাসন, ভিসা বা আবাসিক মর্যাদা নির্বিশেষে PHI-কে রক্ষা করতে হবে।
- কিছু সীমিত পরিস্থিতি ছাড়া ICE সহ আইন বলবৎকারী কর্মকর্তাদের PHI প্রদান করতে নাও পারতে পাবে।

যদি আপনাকে একজন পরিষেবা প্রদানকারী হিসেবে রোগীর PHI প্রকাশ করতেই হয়, তাহলে প্রথমে আপনাকে অবশ্যই প্রথমে আপনার নির্দিষ্ট পরিস্থিতিতে প্রযোজ্য ফেডারেল এবং স্টেটের গোপনীয়তার বাধ্যবাধকতাগুলি মেনে চলতে হবে। আপনার প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নীতি এবং প্রক্রিয়াগুলি দেখুন। এর মধ্যে আইন বলবৎকরণ সংস্থার কাছে আদালতের আদেশ, ওয়ারেন্ট, সপিনা বা সমন থাকার প্রয়োজনীয়তা অন্তর্ভুক্ত থাকতে পারে। এই ধরনের প্রয়োজনীয়তা রোগীর গোপনীয়তা রক্ষা করতে সাহায্য করতে পারে।

দ্রষ্টব্য: সবচেয়ে ভালো রীতি হল রোগীর অভিবাসনগত মর্যাদা সম্পর্কে জিজ্ঞাসা না করা, যদি না আইন অনুসারে আপনার এই তথ্য পাওয়া প্রয়োজনীয় হয়। এমনকি যদি আপনার প্রতিষ্ঠান আপনাকে জিজ্ঞাসা করা প্রয়োজনীয় বলে, তাহলেও চিকিৎসা এবং বিলিং রেকর্ডে রোগীদের অভিবাসনগত মর্যাদা তালিকাভুক্ত করা এড়িয়ে চলুন।

## একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী হিসেবে, আমি কি রোগীদের শিক্ষিত করার জন্য অভিবাসীদের অধিকার নিয়ে আলোচনা করতে পারি?

হ্যাঁ। একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী হিসেবে, আপনাকে রোগীদের তাদের আইনি অধিকার সম্পর্কে শিক্ষিত করার অনুমতি দেওয়া হয়েছে। উদাহরণস্বরূপ, আপনি অধিকার সম্পর্কে তথ্য পোস্ট করতে, তথ্য বিতরণ করতে এবং শিক্ষামূলক অধিবেশনের আয়োজন করতে পারেন। কিন্তু, এই ধরনের কার্যকলাপে জড়িত হওয়ার বা অর্থসংস্থান দেওয়ার আগে, বিবেচনা করুন যে এই উদ্দেশ্যে আপনি যে অর্থসংস্থান ব্যবহার করতে পারেন তার কোনো সীমাবদ্ধতা থাকতে পারে কিনা। উদাহরণস্বরূপ, নির্দিষ্ট প্রকল্প বা কর্মসূচিগুলিতে অর্থসংস্থান প্রদানের ক্ষেত্রে অনুদানের উপর বিধিনিষেধ থাকতে পারে। এই ধরনের শিক্ষা প্রদানের আগে আইনি পরামর্শদাতাদের সাথে পরামর্শ করুন এবং নিশ্চিত করুন যে আপনি আইনি পরামর্শ দিচ্ছেন না।

## ICE-এর সাথে মোকাবিলা করার জন্য আমার স্বাস্থ্যসেবা কেন্দ্রকে কীভাবে প্রস্তুত করা উচিত?

আইন বলবৎকরণ কার্যকলাপের ক্ষেত্রে প্রযোজ্য সর্বাঙ্গীণ নীতি এবং প্রক্রিয়াগুলি গ্রহণ করার কথা বিবেচনা করুন। এই নীতি এবং পদ্ধতিগুলির ICE বা অন্যান্য ফেডারেল এজেন্সিগুলির দ্বারা অভিবাসন বলবৎকরণ কার্যকলাপ অন্তর্ভুক্ত করা উচিত।

শুরুতে, নিশ্চিত করুন যে:

- লিখিত কোনো সংবেদনশীল তথ্য যেন প্রকাশ্যে জনসমাগমের পরিসরগুলিতে **সরসরি দৃষ্টিগোচর** না হয়।
- এই ধরনের তথ্য সম্পর্কে যেন কোনো কথোপকথন **সহজেই আড়িপেতে শোনা** না যেতে পারে।

## এই ওয়েবপেজে বর্ণিত অধিকারের অস্বীকৃতি দেখলে আমার কী করা উচিত?

নিম্নলিখিত যেকোনো একটি উপায়ে অভিযোগ দায়ের করুন:

- নিউ ইয়র্ক হেলথ কেয়ার হেল্পলাইনে 1-800-428-9071 নম্বরে কল করুন।
- অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল এ অভিযোগ দায়ের করুন। (https://ag.ny.gov/file-complaint/health-care)

আরো তথ্যের জন্য, আমাদের গভর্নরের যৌথ কার্যালয় এবং অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল এর বেসরকারি এবং অলাভজনক প্রতিষ্ঠান এবং সত্তাগুলির জন্য নির্দেশিকা দেখুন। (https://ag.ny.gov/resources/individuals/immigrants-rights/private-non-profit-organization-guidance)